

খুলনা সিটি কর্পোরেশন
খুলনা



“শেখ হাসিনার মূলনীতি
আম শহরের উন্নতি”

দুর্নীতি প্রতিরোধ সংক্রান্ত কর্মশালার কার্যবিবরণী:

প্রধান অতিথি	: জনাব তালুকদার আব্দুল খালেক, মাননীয় মেয়র, খুলনা সিটি কর্পোরেশন।
সভাপতি	: জনাব লস্কার তাজুল ইসলাম, প্রধান নির্বাহী কর্মকর্তা (যুগ্মসচিব), খুলনা সিটি কর্পোরেশন।
পরিচালনায়	: জনাব মোঃ আজমুল হক, সচিব (উপসচিব), খুলনা সিটি কর্পোরেশন।
তারিখ ও সময়	: ১৮/১২/২২খ্রি. বেলা-১২-১৫ ঘটিকা।
কর্মশালার স্থান	: শহিদ আলতাফ মিলনায়তন, খুলনা সিটি কর্পোরেশন।
কর্মশালায় উপস্থিতি	: পরিশিষ্ট 'ক'।

কর্মশালার শুরুতে সভাপতির অনুরোধে স্বামী মোঃ রফিকুল ইসলাম পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন। অতঃপর কর্মশালা পরিচালনা করার জন্য তিনি কেসিসি'র সচিব (উপসচিব) জনাব মোঃ আজমুল হক-কে অনুরোধ জানালে তিনি বলেন, কেসিসিতে সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীদেরকে শুদ্ধাচার চর্চা করতে হবে এবং নৈতিকতার পথ অবলম্বন করে দুর্নীতিকে গুড-বাই জানাতে হবে। সোনার বাংলা গড়তে শুদ্ধাচার চর্চা করা এবং সততা ন্যায়-নিষ্ঠাবান হওয়া একান্ত অপরিহার্য। কেসিসির সকল স্তরে দুর্নীতির বিরুদ্ধে আমাদেরকে রুখে দাঁড়াতে হবে এবং অর্থ সম্পদের ব্যবহার যথার্থ হতে হবে। তাহলে এক সময় সমাজ বা জাতি সমৃদ্ধ ও উন্নত হবে।

সভায় সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান/সংস্থার প্রতিনিধিবৃন্দ, বিভিন্ন এনজিও প্রতিনিধিবৃন্দ, মিডিয়া প্রতিনিধি, সাংস্কৃতিক প্রতিনিধি, মুক্তিযোদ্ধা ও শিক্ষা অনুরাগী, রেড ক্রিসেন্ট প্রতিনিধিসহ কেসিসি'র প্যানেল মেয়রবৃন্দ ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণের বক্তব্য থেকে কর্মশালায় প্রকাশ পায় যে, কেসিসিতে শুদ্ধাচার চর্চা করা হচ্ছে এবং মেয়র মহোদয়ের ঐকান্তিক প্রচেষ্টায় কেসিসিতে দুর্নীতি মুক্ত করার চেষ্টা চলছে। ট্রেড লাইসেন্স অন লাইন সিস্টেমে চালু হয়েছে, হোল্ডিং ট্যাক্স জুন, ২০২৩ এর মধ্যে অন লাইন সিস্টেমে হবে। মানুষ ঘরে বসে কেসিসি'র এসব ফিস প্রদান করতে পারবে। এতে করে সাধারণ জনগণ হয়রানি থেকে রেহায় পাবে এবং অতিরিক্ত টাকা খরচ থেকে রক্ষা পাবে। কেসিসিতে জনগণের যে সব সেবা দিয়ে থাকে সেই সব সেবার নির্ধারিত মূল্য সিটিজেন চার্টারে লিপিবদ্ধ করে ওয়ার্ডসমূহে এ নগরের গুরুত্বপূর্ণ স্থানসমূহে এবং কেসিসি'র প্রধান দপ্তরে স্থাপন করতে হবে। তাতে সিটিজেন চার্টার হতে জনগণ সেবার ধরণ ও নির্ধারিত সেবা মূল্য অবহিত হয়ে আত্মতৃপ্ত লাভ করবে এবং এর ফলে দাপ্তরিক দুর্নীতিও হ্রাস পাবে। তাছাড়া বাড়ি-ঘরের ময়লা-আবর্জনা যত্রতত্র বা ডেনে ফেলা, পরিবেশ দূষণ করা অথবা বাড়ির সিফটিক ট্যাংক থেকে ডেনের সাথে পাইপ সংযোগ দেয়া এক ধরনের দুর্নীতি। ওয়ার্ড এলাকার জনগণকে এসব বিষয়ে সচেতন হতে হবে এবং ময়লা-আবর্জনা ডাস্টবিনে বা নির্দিষ্ট স্থানে ফেলতে হবে। আর এ নিয়মের ব্যতিক্রম ঘটিয়ে যদি কেউ ময়লা-আবর্জনা নির্দিষ্ট স্থানে না ফেলে যেখানে সেখানে বা ডেনে ফেলে তবে তাকে জরিমানা করার বিধান রাখার অভিমত ব্যক্ত করা হয়।

প্রধান অতিথি মাননীয় মেয়র জনাব তালুকদার আব্দুল খালেক বলেন, কেসিসি'র সকল কর্মকর্তা-কর্মচারীদেরকে দুর্নীতির উর্ধ্বে থেকে সততা ও নৈতিকতার সাথে কাজ করতে হবে, সকল কাজের জবাবদিহিতা থাকতে হবে, শুদ্ধাচার চর্চা করতে হবে এবং জনগণের সেবক হয়ে কাজ করতে হবে।

পরিশেষে, সভাপতি খুলনা সিটি কর্পোরেশনের সকল কর্মকর্তা-কর্মচারীদের দুর্নীতিমুক্ত থেকে ন্যায়-নিষ্ঠা ও আদর্শবান হয়ে কাজ করার আহবান জানান। তিনি দুর্নীতিমুক্ত কেসিসি গড়ার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন।

বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক নম্বর	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	খুলনা সিটি কর্পোরেশনের সকল দপ্তরে সব ধরনের দুর্নীতি বর্জন এবং দুর্নীতির বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তোলার সিদ্ধান্ত গৃহীত হয়।	সকল বিভাগ, কেসিসি
২	জুন, ২০২৩ সালের মধ্যে খুলনা সিটি কর্পোরেশনে সকল ওয়ার্ডে অন লাইনে হোল্ডিং ট্যাক্স আদায় কার্যক্রম চালুসহ অন লাইনে ট্রেড লাইসেন্স সিস্টেম চালু করার সিদ্ধান্ত গৃহীত হয়।	রাজস্ব বিভাগ, কেসিসি

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।



লক্ষার তাজুল ইসলাম
প্রধান নির্বাহী কর্মকর্তা (যুগ্মসচিব)
খুলনা সিটি কর্পোরেশন
ফোন-০২৪৭৭-৭২০৪০৯
E-mail: ceo.kcc.kln@gmail.com

নম্বর-৪৬.১৩.০০০০.০০৯.২৯.০০২.২২-২৫২৮(৭)

তারিখ-১৮/১২/২০২২খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মেয়র প্যানেলের সদস্য/সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড/সংরক্ষিত আসন নং-....., কেসিসি।
- ৩। বিভাগীয় প্রধান (সকল), খুলনা সিটি কর্পোরেশন।
- ৪। শাখা প্রধান (সকল), খুলনা সিটি কর্পোরেশন।
- ৫। আই.টি ম্যানেজার, খুলনা সিটি কর্পোরেশন। (কেসিসি'র ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৬। সি.এ.টু মেয়র, খুলনা সিটি কর্পোরেশন (মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৭। সংশ্লিষ্ট নথি।


লক্ষার তাজুল ইসলাম
প্রধান নির্বাহী কর্মকর্তা (যুগ্মসচিব)
খুলনা সিটি কর্পোরেশন
ফোন-০২৪৭৭-৭২০৪০৯
E-mail: ceo.kcc.kln@gmail.com